



মনিটারি পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
website: www.bb.org.bd

এমপিডি সার্কুলার নং-০১

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২৪
০৩ মাঘ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠান।

নীতি সুদহার করিডোর পুনঃনির্ধারণ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

বিগত ২৬ নভেম্বর ২০২৩ তারিখে জারিকৃত নীতি সুদহার সংক্রান্ত এমপিডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এক্ষেপে, গত ১৩ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত মনিটারি পলিসি কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক ওভারনাইট রেপো নীতি সুদহার বিদ্যমান শতকরা ৭.৭৫ শতাংশ হতে ২৫ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে ৮.০০ শতাংশে নির্ধারণ করা হলো। এছাড়া, ব্যাংকসমূহের তারল্য ব্যবস্থাপনা অধিকতর দক্ষতার সাথে পরিচালন করার লক্ষ্যে নীতি সুদহার করিডোরের উর্ধ্বসীমা স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএলএফ) এর ক্ষেত্রে বিদ্যমান সুদহার শতকরা ৯.৭৫ শতাংশ হতে ২৫ বেসিস পয়েন্ট হ্রাস করে ৯.৫০ শতাংশে এবং নীতি সুদহার করিডোরের নিম্নসীমা স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (এসডিএফ) শতকরা ৫.৭৫ শতাংশ হতে ৭৫ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে ৬.৫০ শতাংশে নির্ধারণ করা হলো।

০৩। বর্ণিত সিদ্ধান্ত আগামী ২১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল কাইউম)
পরিচালক (গবেষণা)
ফোনঃ ৯৫৩০০৫৯